দৈনিক বাংলা

তারিখ ৩১/১২/৮১

পৃষ্ঠা ... কলাম ...

২৭০

050

# ব্রাহ্মণবাড়িয়ায় ৩ বছর ধরে ৩৭৮টি প্রাইমারী শিক্ষকের পদ শূন্য

(নিজস্ব সংবাদদাতা)

ব্রাহ্মণবাড়িয়া ২৯শে ডিসেম্বর।—ব্রাহ্মণবাড়িয়া মহকুমায় গত ৩ বছর ধরে ৩৭৮টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য রয়েছে। ফলে মহকুমায় প্রাথমিক শিক্ষায় দারুন সংকটের সৃষ্টি হয়েছে। খবর মহকুমা শিক্ষা অফিস সূত্রের।

প্রকাশ গত ৩ বছর ধরে মহকুমার ৬টি থানায় ৩৭৮টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য রয়েছে। এই শিক্ষকের পদ শূন্য থাকার ফলে প্রাথমিক শিক্ষা দারুন সংকটের সম্মুখীন হয়েছে।

মহকুমা শিক্ষা অফিসার জানিয়েছেন গত ১৬ই অক্টোবর ১৫০ জন শিক্ষক শিক্ষয়িত্রীর একটি প্যানেল অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। কিন্তু অদ্যাবধি তা অনুমোদন লাভ করেনি। এই ১৫০ জনের প্যানেল অনুমোদন পেলেও আরো ২২৮টি পদ শূন্য থাকবে। তাছাড়া গত জানুয়ারী থেকে মহকুমায় সার্বজনীন প্রাথমিক শিক্ষা চালু করা হয়েছে। এই সার্বজনীন প্রাথমিক শিক্ষা চালু হওয়ায় মহকুমায় শতকরা ১২ থেকে ১৫ জন ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে বলে শিক্ষা অফিস সূত্রে জানা গেছে। ফলে আরো শিক্ষকের প্রয়োজন দেখা দিয়েছে।

অভিজ্ঞমহল মনে করছেন এবছর মহকুমার শূন্য প্রাথমিক শিক্ষকের পদ পূরণ করা না হলে মহকুমার প্রাথমিক শিক্ষা দারুন বিপর্যয়ের সম্মুখীন হবে।